# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ৩০ মার্চ, ২০০৩ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড |
| সভাপতি | ঃ | কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## <u>সভায় উপস্থিত সদস্যবৃন্দ</u>

| | | | |
|---|---|---|---|
| (১) | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন<br>অধিনায়ক<br>বিএনএস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন শাহে আলম, পিএসসি<br>অধিনায়ক (প্রশাসনিক শাখা)<br>বিমানবাহিনী ঘাঁটি বাশার<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | লেঃ কর্ণেল এ কে এম সাইফুর রশিদ<br>প্রতিনিধি<br>কমান্ড্যান্ট, এস ই এম ও<br>সম্মিলিত সামরিক হাসপাতাল<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) | লেঃ কর্ণেল মোঃ আব্দুস সালাম<br>সিএমইএস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৫) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ<br>৩৪৬, বারিধারা ডিওএইচএস<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৬) | জনাব মোঃ মশিউর রহমান<br>ম্যাজিস্ট্রেট, ঢাকা কালেক্টরেট<br>জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা এর প্রতিনিধি। | -- | সদস্য |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে এবং সভার কার্যক্রমে সম্মানিত সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ ঃ বিগত ১৯ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিগত ১৯ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং-২ ঃ ফেব্রুয়ারি, ২০০৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ফেব্রুয়ারি, ২০০৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৩ ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১০ মার্চ, ২০০৩ তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/৩৬-এ/১৯৬ নং পত্রের মাধ্যমে ২০০২-২০০৩ আর্থিক সালের জন্য বরাদ্দকৃত বিশেষ অনুদান অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১০ মার্চ, ২০০৩ তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/৩৬-এ/১৯৬ নং পত্রের মাধ্যমে ২০০২-২০০৩ আর্থিক সালের জন্য বরাদ্দকৃত বিশেষ অনুদান অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ফেব্রুয়ারি, ২০০৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ফেব্রুয়ারি, ২০০৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৫ ঃ বিএএফ বেস, পাহাড় কাঞ্চনপুর, টাংগাইল এ কঞ্জারভেন্সী সার্ভিস প্রদানের ব্যাপারে তাঁদের ০৮ মার্চ, ২০০৩ তারিখের পিকেপি/৬২১/১/বিডব্লিউও/ভলিউম-২/৪৪এ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। সংশ্লিষ্ট পত্রখানা সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিএএফ বেস, পাহাড় কাঞ্চনপুর, টাংগাইলে কঞ্জারভেন্সী সার্ভিস প্রদানের ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ড, সাভার ক্যান্টনমেন্ট এর সাথে পত্রালাপের মাধ্যমে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৬ ঃ শহীদ সরণির দু'পার্শ্বে ফুলের বেড তৈরীর জন্য ৩৫ ট্রাক ভিটি মাটির প্রয়োজন হলে গত ০৮ মার্চ, ২০০৩ তারিখে মিনিটশীটের মাধ্যমে সভাপতি, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয়ের অনুমোদন গ্রহণ করা হয়। উল্লেখ্য যে, ইতোপূর্বে শহীদ বাশার রোডে ফুলের বেড তৈরীর জন্য ৩৫ ট্রাক ভিটি মাটি সরবরাহের নিমিত্তে ২২ জানুয়ারি, ২০০৩ তারিখের বোর্ডসভায় প্রতি ট্রাক ১,৪০০/- (এক হাজার চারশত) টাকা হিসেবে মেসার্স জিএম ট্রেডার্স, ঢাকা কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দরপত্র অনুমোদনের প্রেক্ষিতে মাটি ক্রয় করা হয়েছে। একই দরে অর্থাৎ প্রতি ট্রাক ১,৪০০/- টাকা হিসেবে একই সংস্থা মেসার্স জিএম ট্রেডার্স, ঢাকাকে ৩৫ ট্রাক ভিটি মাটি সরবরাহের কার্যাদেশ প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের সার্জিক্যাল মালামাল ক্রয়ের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ২৫ নভেম্বর, ২০০২ তারিখে ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে এ বি হোসেন সার্জিক্যাল, ২০৭/১ মিটফোর্ড রোড, ঢাকা এবং বি এম সার্জিক্যাল, ১৫/২ তোপখানা রোড, বি এম এ ভবন, ঢাকা কর্তৃক দাখিলকৃত দর সর্বনিম্ন হয়। সে প্রেক্ষিতে উদ্ধৃত দরসমূহ যাচাইকল্পে একটি বাজার যাচাই কমিটি গঠন করা হয়। কমিটি কর্তৃক প্রদত্ত প্রতিবেদনে দেখা যায় যে, উদ্ধৃত সর্বনিম্ন দর বাজার দর অপেক্ষা ২০% বেশী। এমতাবস্থায়, সর্বনিম্ন দর প্রদানকারী সংস্থা দুটিকে উদ্ধৃত দরের চেয়ে ২০% কম দরে সার্জিক্যাল মালামাল সরবরাহ করতে সম্মত থাকলে সম্মতিপত্র প্রদান করার জন্য অনুরোধ করা হয়। সে মোতাবেক সর্বনিম্ন দর প্রদানকারী সংস্থা দুটি উদ্ধৃত দর হতে ১০% কম দরে সার্জিক্যাল মালামাল সরবরাহ করতে সম্মতি প্রকাশ করে। উক্ত সম্মতিপত্র মিনিটশীটের মাধ্যমে সভাপতি, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয়ের নিকট উপস্থাপন করা হলে ১২ মার্চ, ২০০৩ তারিখে তিনি তা অনুমোদন করেন। উক্ত মিনিটশীট ঘটনোত্তর অনুমোদনের জন্য বোর্ডসভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঘটনোত্তর অনুমোদন করা হলো। তবে ভবিষ্যতে ঘটনোত্তর অনুমোদনের প্রবণতা রোধ করার জন্য সভাপতি মতামত পোষণ করেন এবং সময় থাকতেই প্রয়োজনে পুনঃ দরপত্র আহ্বান করা যেতে পারে।

প্রস্তাব নং-৮ ঃ আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী-এর জন্য ০১টি প্রিন্টার মেশিনসহ ০২টি পেন্টিয়াম-৪ কম্পিউটার ক্রয়ের দরপত্র আহবান করা হলে ২০-০৩-২০০৩ তারিখে ০৫টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রের মধ্যে ডাটা সলিউশনস, ৯৫, নতুন ইস্কাটন রোড, ঢাকা কর্তৃক প্রদত্ত সর্বমোট ৬৩,৭৫০/-(তেষট্টি হাজার সাতশত পঞ্চাশ) টাকার দর সর্বনিম্ন হয়। উক্ত দরপত্র অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। উল্লেখ্য যে, বোর্ডসভায় অনুমোদনের পর উহা চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরন করা হবে। দরপত্রসমূহ সভায় পেশ করা হলো।

**চলমান পাতা-৩**

গৃহীত সিদ্ধান্ত ঃ সভায় বিষয়টি বিস্তারিত পর্যালোচনান্তে সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য তা সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৯ ঃ গত ২২ জানুয়ারি, ২০০৩ তারিখের বোর্ডসভার ৭ নং সিদ্ধান্তের আলোকে ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পিছনে নতুন ভবন নির্মাণস্থলে ০১(এক)টি অর্জুন, ০২(দুই)টি লিচু ও ০১(এক)টি আম গাছের ডালা বিক্রির জন্য ০৩ মার্চ, ২০০৩ তারিখে পুনঃ নিলাম বিজ্ঞপ্তি প্রচার করা হয়। উক্ত তারিখে ৫(পাঁচ) জন ডাককারী নিলাম ডাকে অংশগ্রহণ করেন। তন্মধ্যে জনাব মোঃ বাহার, সিবি-২০৯, কচুক্ষেত পুরান বাজার কর্তৃক প্রদত্ত ৩,৫৫০/- (তিন হাজার পাঁচশত পঞ্চাশ) টাকার সর্বোচ্চ ডাক অনুমোদনের জন্য নথিটি সভায় পেশ করা হলো। উল্লেখ্য যে, সভার অনুমোদন প্রাপ্তির পর চূড়ান্ত অনুমোদনের জন্য তা সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি পর্যালোচনান্তে ৩,৫৫০/- (তিন হাজার পাঁচশত পঞ্চাশ) টাকার সর্বোচ্চ নিলাম ডাক অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য তা সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১০ ঃ সেনাসদর টেনিস কমপ্লেক্সে ৩য় টেনিস কোর্ট নির্মাণ এলাকার কর্তনকৃত ০৩(তিন)টি গাছ (১টি ইউক্যালিপ্টাস, ২টি কৃষ্ণচূড়া) সরজমিনে পরিদর্শনপূর্বক সর্বোচচ মূল্য নির্ধারণকরন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এব্যাপারে আর্মি স্ট্যাটিক সিগন্যাল ব্যাটালিয়ন, ঢাকা সেনানিবাসের ১৮ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখের গেমস/০১ নং পত্রখানা পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে সেনাসদর, টেনিস কমপ্লেক্স এলাকায় কর্তনকৃত ০৩(তিন) টি গাছ নিলামে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো। নিলাম বিজ্ঞপ্তির নোটিশ বোর্ডের সম্মানিত সকল সদস্যের নিকট সদয় অবগতির জন্য নিলাম ডাকের পূর্বেই প্রেরণ করতে হবে।

প্রস্তাব নং-১১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড এবং বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ও বিদ্যালয়ের নিম্নবর্ণিত শিক্ষক ও কর্মচারীদের পেনশনের অনুকূলে প্রদত্ত অপশনপত্র অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | নাম ও পদবী | কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ দুরুল হুদা<br>সহকারী শিক্ষক। | সেনাপল্লী উচ্চ বিদ্যালয় | স্থায়ী |
| ২। | জনাব মোঃ আবুল হোসেন বেপারী<br>ট্যাক্স কালেক্টর। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড | - ঐ - |
| ৩। | জনাব মোঃ মিজানুর রহমান<br>পিয়ন। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড | - ঐ - |
| ৪। | জনাব মোঃ বাচ্চু মিয়া<br>ঝাড়ুদার (সাধারণ কঞ্জারভেন্সী)। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড | - ঐ - |
| ৫। | জনাব মোহাম্মদ আলী<br>চৌকিদার। | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল | - ঐ - |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনার উপর বিস্তারিত আলোচনান্তে বর্ণিত শিক্ষক ও কর্মচারীদের পেনশনের অনুকূলে প্রদত্ত অপশন অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য তাদের অপশন পেপারসমূহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৪

প্রস্তাব নং-১২ ঃ ঢাকা সেনানিবাস কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন পুকুরটি ০২(দুই) বছরের জন্য ইজারার নিমিত্তে ০৯ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখের বিজ্ঞপ্তি মোতাবেক ১৫ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখে নিম্নবর্ণিত মোট ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মোঃ আব্দুল বাতেন কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ ৭৭,০০০/- (সাতাত্তর হাজার) টাকার ডাক অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

| ক্রমিক নং | দরদাতার নাম, ঠিকানা | দরপত্রে উল্লেখিত টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। | জনাব মোঃ শহিদুল্লা খান<br>১১৩, লালাসরাই, কচুক্ষেত, ঢাকা ক্যান্টনমেন্ট। | ৬০,০০০/- টাকা |
| ২। | জনাব মোঃ আনোয়ার হোসেন<br>২৬৫, কচুক্ষেত, ঢাকা ক্যান্টনমেন্ট। | ৭০,০০০/- ।। |
| ৩। | জনাব আব্দুল্লাহ আল মাসুদ<br>১০০, কচুক্ষেত, ঢাকা ক্যান্টনমেন্ট। | ৬৪,০০০/- ।। |
| ৪। | জনাব মোঃ আব্দুল বাতেন<br>২৭৯, শহীদ বদিউজ্জামান রোড<br>ঢাকা ক্যান্টনমেন্ট। | ৭৭,০০০/- ।। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির বিস্তারিত পর্যালোচনা করা হলো। ঢাকা সেনানবাসের কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন পুকুরটি ০২(দুই) বছরের জন্য ইজারার নিমিত্তে ১৫ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখে প্রাপ্ত সর্বোচ্চ দর ৭৭,০০০/- টাকা সন্তোষজনক বিবেচিত না হওয়ায় উহা পুনারায় ০৩(তিন) বছরের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে পুনঃ দরপত্র আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৩ ঃ ডিওএইচএস মহাখালী এলাকার ৩৮ নং বাড়ীটির দখল/মালিকানা বাংলাদেশ নৌ বাহিনীর নিকট হতে গ্রহণপূর্বক উচ্ছেদের আপীল মামলা পরিচালনার স্বার্থে নৌ সদর, প্রশাসনিক শাখা, বনানী, ঢাকার ১৬ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখের এএডি/১০১১৭/৩৫৪ নং পত্রের মাধ্যমে বাড়ীটি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে নেয়ার জন্য অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে তিনি উক্ত বাড়ীটি বোর্ডসভার অনুমোদনক্রমে বোর্ডের নিয়ন্ত্রণে নেয়ার জন্য মতামত প্রদান করেন। এ ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। ডিওএইচএস মহাখালী এলাকায় ৩৮ নং বাড়ীতে বর্তমানে বাংলাদেশ নৌ বাহিনীর যে সমস্ত কর্মচারী বসবাসরত আছেন তাদেরকে সরিয়ে নিয়ে বাড়ী খালি করে দিতে সম্মত থাকলে উহা ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে নেয়া যেতে পারে। অথবা বাড়ীটি বাংলাদেশ নৌ বাহিনীর দখলে রেখে তাদের খরচে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার তত্ত্বাবধানে মামলা পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি বাংলাদেশ নৌ বাহিনীর সদর দপ্তর প্রশাসনিক শাখা, বনানী, ঢাকা-কে অবহিত করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকাকে অনুরোধ করা হয়।

চলমান পাতা-৫

প্রস্তাব নং-১৪ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে একটি দোকান বরাদ্দের জন্য (১) মেজর (অবঃ) মোঃ শাহ আলম তালুকদার এর ২৬ আগস্ট, ২০০১ (২) মেজর (অবঃ) খাদিজা আনাম, স্বামী- মোঃ সামসুল আলম এর ২২ নভেম্বর, ২০০১ এবং (৩) সিপাহী (অবঃ) মোঃ ইউনুস আলী হাওলাদার, পিতা- মৃত ইস্কান্দার আলী হাওলাদার এর ২০ নভেম্বর, ২০০১ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ০৪ মার্চ, ২০০২ তারিখের ৬১৯/৪/এ নং পত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ভবিষ্যতে অত্যাধুনিক ক্যান্টনমেন্ট সুপার মার্কেট নির্মাণের পরিকল্পনা বাস্তবায়িত হওয়ার পর সংশ্লিষ্ট আবেদনকারীগণকে তখনকার প্রচলিত শর্তানুযায়ী অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। এছাড়া ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে যে সমস্ত আবেদনপত্র ইতোপূর্বে পাওয়া গিয়েছে/ভবিষ্যতে পাওয়া যাবে এবং স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস হতে যে সমস্ত আবেদনপত্র প্রেরণ করা হবে উহা আবেদনপত্রে বর্ণিত তারিখ অনুযায়ী নিম্নবর্ণিত তথ্যাদি সম্বলিত একটি তালিকা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা

(খ) আবেদন এর তারিখ

(গ) সুপারিশ থাকলে উহার বিবরণ

(ঘ) আবেদন পত্রের প্রাধিকার

(ঙ) মন্তব্য

প্রস্তাব নং-১৫ ঃ সাইন ভিশন ও রূপময় কর্তৃক স্থাপিত হোর্ডিং বোর্ড সরিয়ে নেয়ার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পত্র দেয়া হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও আর্মি ওয়েলফেয়ার ডাইরেক্টরেটের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নম্বর ১১২৯/২০০৩ এবং ১১৩০/২০০৩ নং মামলা দায়ের করেন। উক্ত দায়েরকৃত মামলার বিবিধ খরচ বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অগ্রিম দেয়ার ব্যাপারে অত্র দপ্তরের আইন উপদেষ্টা কর্তৃক আবেদন করা হয়। উক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে আইন উপদেষ্টার ০১ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখের আবেদন উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে আইন উপদেষ্টা কর্তৃক প্রস্তাবিত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার স্বপক্ষে সুস্পষ্ট খরচের বিবরণ সম্বলিত একটি স্বয়ং সম্পূর্ণ প্রতিবেদন পরবর্তী বোর্ডসভায় উপস্থান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৬ ঃ পাম্প অপারেটরের শূন্যপদে ১১ মার্চ, ২০০৩ তারিখ হতে পরবর্তী ০৩(তিন) মাসের জন্য বর্তমানে মাস্টার রোলে কর্মরত অভিজ্ঞ শ্রমিককে নিয়োজিত রাখার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বর্তমানে মাস্টার রোলে কর্মরত অভিজ্ঞ শ্রমিককে দৈনিক ৮০/-(আশি)টাকা মজুরীর ভিত্তিতে ১১ মার্চ, ২০০৩ তারিখ হতে পরবর্তী ০৩(তিন) মাসের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োজিত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৬

ব নং-১৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনকরণ ঃ-

| মিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|
| । | বনানী ডিওএইচএস এলাকার কমিউনিটি সেন্টারের দোতলা নির্মাণকরণ। | ৩৬,৫৮,৫৩৭/-টাকা | ২০০২-২০০৩ সালের উন্নয়ন মূলক কাজের বাজেট বরাদ্দ হতে ব্যয় সংকুলান করতে হবে। |
| | শহীদ বাশার রোডের পশ্চিম প্রান্তে বিপদজনক পারাপার বন্ধের জন্য জিআই পাইপের ব্যারিয়ার নির্মাণকরণ। | ৪৭,৫০০/- ।। | রক্ষণাবেক্ষণ খাত হতে ব্যয় সংকুলান করতে হবে। |
| । | মহাখালী ডিওএইচএস এলাকায় প্লট নং-২৮২/বি হতে পুরাতন/অকেজো আরসিসি পাইপ অপসারণ ও উক্ত স্থানে বালি ভরাটকরণ। | ১৮,১৫৯/- ।। | অসমাকৃতির প্লটের উন্নয়ন চার্জ হতে ব্যয় সংকুলান করতে হবে। |
| | মহাখালী ডিওএইচএস এলাকায় ওয়াসা কর্তৃক কর্তনকৃত ১৯/এ, ১৯/বি এবং ২১ নং রোড মেরামত করণ। | ১,৩৪,১৯৩/- ।। | ওয়াসা কর্তৃক জমাকৃত অর্থ হতে ব্যয় সংকুলান করতে হবে। |
| | ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ৮ নং রোডের ২নং পানির পাম্পের এলাকাকে দেয়াল দিয়ে ঘেরাওকরণ। | ৪৮,৮৬২/- ।। | পাম্পের জন্য বরাদ্দকৃত অর্থ হতে ব্যয় সংকুলান করতে হবে। |
| | ঢাকা সেনানিবাসস্থ জিয়া কলোনী এমপি চেক পোস্ট হতে পুরাতন এয়ার হেডকোয়ার্টারের পার্শ্বের যাত্রী ছাউনী পর্যন্ত ডেসা কর্তৃক খননকৃত রাস্তা মেরামত ও সলিং কাজ। | ৪৮,৬৪৯/- ।। | ডেসা কর্তৃক জমাকৃত অর্থ হতে ব্যয় সংকুলান করতে হবে। |
| | রজনীগন্ধা সুপার মার্কেট এলাকায় বাজার কমিটির অফিসের জন্য সেমিপাকা বিল্ডিং নির্মাণ। | ৪,৬৭,৬৫২/- ।। | বাজার কমিটির সুপারিশের প্রেক্ষিতে। |
| | বারিধারা ডিওএইচএস এলাকায় বিভিন্ন লেইনে স্পীড ব্রেকার নির্মাণ। | ১,২৩,৮৯২/- ।। | বারিধারা উন্নয়ন চার্জ হতে ব্যয় সংকুলান করতে হবে। |
| | শহীদ আনোয়ার গার্লস কলেজ হতে স্টাফ রোড পর্যন্ত শহীদ সরণির উভয় পার্শ্বের ফুটপাত মেরামত কাজ। | ৪৯,২৯১/- ।। | রক্ষণাবেক্ষণ খাত হতে ব্যয় সংকুলান করতে হবে। |

সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-১ এ বর্ণিত কাজটি জরুরী বিধায় দরপত্র আহ্বান করে কাজ শুরু করা হোক এবং ক্রমিক নং-৭ এ বর্ণিত কাজের জন্য বোর্ড তহবিল হতে কোন অনুদান বরাদ্দ সম্ভব নয়। তবে বাজার কমিটি নিজস্ব ব্যয়ে অস্থায়ী ভিত্তিতে কাজটি সম্পন্ন করতে পারে। ক্রমিক নং-৯ এ বর্ণিত কাজের মূল্যানুমান সংশোধনপূর্বক শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত ফুটপাত মেরামতের জরুরী পদক্ষেপ গ্রহণ করা হোক। অন্যান্য প্রকল্প সমূহের মূল্যানুমান অনুমোদন করা হলো। তবে মূল্যানুমানসমূহ ২০০২ সনের এমইএস সিডিউল অব রেইটস্ অনুযায়ী প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

নং-১৮ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| ক | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি)কর্তৃক ভেটিংকৃত দর |
|---|---|---|---|---|---|
| | বিএএফ শাহীন অফিসার্স কোয়ার্টার সংলগ্ন খালি জায়গায় ছেলে-মেয়েদের খেলাধুলার সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপন। | ৩৩,২৯১/- টাকা | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ২৮.০০% উর্ধ্বে | ২৪.০০% উর্ধ্বে |

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি)কর্তৃক ভেটিংকৃত দর |
|---|---|---|---|---|---|
| ২। | ঢাকা সেনানিবাসস্থ বনানী ডিওএইচএস এলাকায় ১০৯ নং প্লট (নতুন) মাটি ভরাটকরণ। | ২৯,১০৫/- ।। | মেসার্স এস এস এন্টারপ্রাইজ | ৩১.০০% উর্ধ্বে | ৩০.০০% উর্ধ্বে |
| ৩। | ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকায় অসমাকৃতি ৪৫৯/এ নং প্লটের দক্ষিণ পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ২৮,৫৫১/- ।। | মেসার্স মান্নান ব্রাদার্স | ৩২.০০% উর্ধ্বে | ২৩.০০% উর্ধ্বে |
| ৪। | ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকায় ৪৮৮/এ নং প্লটের পশ্চিম পার্শ্বে বিমান বাহিনীর রাস্তা প্রশস্তকরণ। | ৩৯,১৮০/- ।। | মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স | ২৭.০০ % উর্ধ্বে | ২০.০০% উর্ধ্বে |
| ৫। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের দক্ষিণ পার্শ্বে পুকুর সংলগ্ন রাস্তায় কাঠের বল্লি ও ড্রামশীট দ্বারা প্যালাসাইডিং করা। | ১,৫০,১০৬/- ।। | মেসার্স হোসেন এন্টারপ্রাইজ | ২৮.০০% উর্ধ্বে | ২৪.০০% উর্ধ্বে |
| ৬। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ভবনের রং চুনা ও স্নোসেম এর কাজ। | ৩৬,৬৭০/-।। | মেসার্স আলাউদ্দিন ট্রেডার্স | ২৫.০০% উর্ধ্বে | ০৮.০০% উর্ধ্বে |
| ৭। | কচুক্ষেত পুরান বাজার এলাকায় শাহী মসজিদ হতে সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের পশ্চিম মাথায় সিবি-২১২ পর্যন্ত কাঁচা ড্রেন খননসহ পাকা ড্রেনের স্ল্যাব মেরামত। | ৩২,৯৯১/- ।। | মেসার্স মনির এন্ড কোং | ২৭.০০ % উর্ধ্বে | ২২.০০% উর্ধ্বে |
| ৮। | হাজী মহসিন ক্রসিং যানবাহন সংকেতের দুটি পোল উঠিয়ে বর্তমান অবস্থান হতে ৫০ গজ দক্ষিণ দিকে সরিয়ে স্থাপনকরণ। | ৩৩,৫৫০/- ।। (বাজার দর) | মাইক্রোইলেক্ট্রনিক্স লিঃ | ৩৩,৫৫০/- টাকা (বাজার দর) | ২৯,৮৬২/- টাকা |
| ৯। | কচুক্ষেত পুরান বাজার এলাকায় সিবি-৫৬ হতে সিবি-২৫১ পর্যন্ত রাস্তার ড্রেন নির্মাণ। | ২,২১,৩৫৪/-টাকা | দি ইউনিক ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস | ০৯.০০% নিম্নে | - |
| ১০। | কচুক্ষেত পুরান বাজার এলাকায় সিবি-৪২ হতে সিবি-১৩/২ এবং সিবি ১৩/২ হতে সিবি ১৩/১ পর্যন্ত রাস্তা পিসিসি ঢালাইকরন ও ড্রেন নির্মাণ। | ২,৩০,৭২৫/-।। | মেসার্স ফ্রেন্ডস কর্ণার | ০৭.০০% নিম্নে | - |
| ১১। | কচুক্ষেত পুরান বাজার এলাকায় সিবি-২৫৪ হতে সিবি-২০৬/এ হয়ে পশ্চিম মাথা মিরপুর লিংক রোড পর্যন্ত রাস্তা, ড্রেন সংস্কার ও মেরামতসহ আরসিসি স্লাব নির্মাণ। | ৩,৯৮,৬৫০/-।। | মেসার্স আমিন ব্রাদার্স | ১৫.৭৯% নিম্নে | - |
| ১২। | বারিধারা ডিওএইচএস এলাকার পশ্চিম সীমানা বরাবর পায়ে চলার পথেরপার্শ্বে বৈদ্যুতিক আলোর ব্যবস্থাকরন। | ২,৭৭,৭৯০/-।। | মেসার্স সাহাবউদ্দিন এন্টারপ্রাইজ | ২৬.০০% উর্ধ্বে | ২০.০০% উর্ধ্বে |

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বর্তমানে চলমান এমইএস এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে ০৯(নয়)টি কাজের সর্বনিম্ন দর নির্ধারণ করা হয়েছে।

চলমান পাতা-৮

তবে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন যে, দাখিলী দর অতিমাত্রায় উচ্চ এবং নিম্ন যা বাস্তব সম্মত নয়। এ প্রসংগে সভায় উপস্থিত অত্র দপ্তরের সহকারী নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আলম খান বলেন যে, সকল কাজের মূল্যানুমান ১৯৯৫ সনের এমইএস সিডিউল অব রেইটস্ মোতাবেক প্রস্তুত করা হয়েছে। তবে ভবিষ্যতে ২০০২ (সর্বশেষ) সনের সিডিউল অনুযায়ী মূল্যানুমান প্রস্তুত করা হবে। সেমতে সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত ক্রমিক নং ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ১২ = ০৯(নয়)টি কাজের নিম্নবর্ণিত দরসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। উক্ত ০৯(নয়)টি কাজের ক্ষেত্রে অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট হতে সম্মতিপত্র গ্রহণপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ দেয়া হোক। তবে ভবিষ্যতে মাত্রাতিরিক্ত উর্ধ্বদর আর অনুমোদন করা হবে না।

(১) ২৪.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(২) ৩০.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(৩) ২৩.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(৪) ২০.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(৫) ২৪.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(৬) ০৮.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(৭) ২২.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(৮) ২৯,৮৬২/-(উনত্রিশ হাজার আটশত বাষট্টি) টাকার বাজার দর অনুমোদিত।

(১২) ২০.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

ক্রমিক নং ৯, ১০ ও ১১ -তে বর্ণিত ০৩(তিন) টি কাজের ব্যাপারে ঠিকাদার কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর বাস্তবসম্মত নয় বিধায় ভেটিং করা হয়নি। কিন্তু উক্ত কাজের দরপত্র সিডিউলে যথাযথ তথ্য অনুর্ভূক্ত ছিল বিধায় বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঠিকাদার কর্তৃক প্রদত্ত নিম্নোক্ত সর্বনিম্ন দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ দেয়া হোক।

(৯) ০৯.০০% নিম্ন দর (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) অনুমোদিত।

(১০) ০৭.০০% নিম্ন দর (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) অনুমোদিত।

(১১) ১৫.৭৯% নিম্ন দর (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) অনুমোদিত।

প্রস্তাব নং-১৯ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কাজের জামানতের টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। জামানত ফেরতযোগ্য কাজের তালিকা উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ জামানত ফেরতযোগ্য কাজের তালিকার উপর সভায় আলোচনা হয়। সংশ্লিষ্ট প্রকল্প/মেরামত কাজের গুণগত মান যাচাই বাছাই এর পর নিম্নেবর্ণিত ১৬ (বার)টি কাজের জামানত ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৭ নং রোডের ৬৫/এ নং প্লটের নীচতলার উপর দোতলা নির্মাণকরণ। | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন |
| ২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৭ নং রোডে অবস্থিত ৬৫/এ এর নীচতলা মেরামত ও রং চনার কাজ। | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন |

চলমান পাতা-৯

| ক্রমিক নং | কাজের বিবরণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|
| ৩। | ক্যান্টনমেন্ট বোর্ড বিল্ডিং নং-৭ (সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর) এর দোতলার উপর ৩য় তলা নির্মাণ। | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স |
| ৪। | ঢাকা সেনানিবাসস্থ প্রধান সড়ক শহীদ সরণির উভয় পার্শ্বে ফুটপাত এর ভাংগা স্ল্যাব পরিবর্তন কাজ। | মেসার্স হাবিব এন্ড সন্স |
| ৫। | মহাখালী ডিওএইচএস এলাকার সিএসডি এর সম্মুখে হার্ড স্ট্যান্ড নির্মাণ। | মেসার্স ইউনুস এন্ড ব্রাদার্স |
| ৬। | মহাখালী ডিওএইচএস এলাকায় শিশু পার্কের ভিতর ফুটপাতে পিসিসি ঢালাইকরণ। | মেসার্স সরদার ট্রেডার্স |
| ৭। | মহাখালী ডিওএইচএস এলাকায় লেইন নং-১৯/সি এর পার্শ্বে বিদ্যমান আরসিসি পাইপ ড্রেন পরিত্যক্ত করে উক্ত প্লটের উত্তর পশ্চিম পার্শ্ব দিয়ে আরসিসি পাইপ ড্রেন নির্মাণকরণ (রাস্তাসহ)। | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ |
| ৮। | বনানী ডিওএইচএস এলাকার ১০০/বি নং প্লট উন্নয়নকরণ। | মেসার্স জি এম ট্রেডার্স |
| ৯। | বনানী ডিওএইচএস এলাকায় ১০৯ নং প্লট উন্নয়নকরণ। | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ |
| ১০। | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬০ নং বাড়ীর দোতলার ছাদ মেরামতসহ রং চুনার কাজকরণ। | দি ইউনিক ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস |
| ১১। | ঢাকা সেনানিবাসস্থ বারিধারা ডিওএইচএস এলাকায় ওয়েস্টার্ণ রোড উত্তরদিকে প্রবেশ রাস্তার ছোট বড় গর্ত মেরামত ও কার্পেটিংকরণ। | মেসার্স জি এম ট্রেডার্স |
| ১২। | ঢাকা সেনানিবাসস্থ স্বাধীনতা চত্বরের উত্তর পার্শ্বে ওয়াসা কর্তৃক খননকৃত রাস্তার মেরামতকরণ। | মেসার্স মহি এন্ড ব্রাদার্স |
| ১৩। | ই-ইন-সি'স ব্রাঞ্চের সম্মুখের রাস্তা প্রশস্ত করার জন্য সোডিয়াম বাতির পোল উঠিয়ে পুনঃস্থাপনকরণ। | মেসাস বি এম ট্রেডার্স |
| ১৪। | ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের বাংলোর বৈদ্যুতিক লাইন রি-ওয়্যারিং কাজকরণ। | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ |
| ১৫। | বীর উত্তম শহীদ আনোয়ার ক্রসিং যানবাহন সংকেতের ০১টি সমান্তরাল পোল উঠিয়ে পুনঃস্থাপনকরণ। | মাইক্রো ইলেক্ট্রনিক্স লিঃ |
| ১৬। | শহীদ সরণিস্থ সেনাভবনের সম্মুখে ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য সিগন্যাল বাতি স্থাপন কাজ। | মাইক্রো ইলেক্ট্রনিক্স লিঃ |

প্রস্তাব নং-২০ ঃ ঢাকা সেনানিবাসের ডিওএইচএস ও বর্ধিত এলাকায় বাড়ী নির্মানের ১১(এগারটি) টি নকশা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হয়েছে। উক্ত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদনের জন্য নিম্নে পেশ করা হলো ঃ-

| ক্রমিক নং | নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| । | মিসেস খালেদা জিয়া | ৬ | শহীদ মঈনুল রোড, ঢাকা সেনানিবাস। | সংশোধিত |
| । | মেজর জেনারেল আবু রুশদ রোকনউদদৌলা, পিএসসি | ১২৬ | বারিধারা ডিওএইচএস | |
| । | কর্ণেল সালাহ উদ্দীন আহমেদ | ৪৫০/৬ | বারিধারা ডিওএইচএস | |
| । | কমোডর এমদাদুল ইসলাম | ৪৮১ | - ঐ - | |
| । | মিসেস মাহবুবা সুলতানা | ৬৮ | বনানী ডিওএইচএস | সংশোধিত |

চলমান পাতা-১০

| ক্রমিক নং | নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৬। | মিসেস রেহেনা হক বাশার | ২৮-বি | - ঐ - | - ঐ - |
| ৭। | মিসেস আনোয়ারা রশিদ | ১৬৭ | মহাখালী ডিওএইচএস | - ঐ - |
| ৮। | মেজর জেনারেল জালাল উদ্দিন আহমদ, এনডিইউ, পিএসসি | ৪৩/ই | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | |
| ৯। | মিসেস মাহমুদা জামাল | ৫৮ | (আংশিক) লালাসরাই | |
| ১০। | মোঃ বিল্লাল হোসেন মোল্লা | ১০২ | (আংশিক) লালাসরাই | |
| ১১। | হাজী মোঃ আবদুস ছাত্তার | ১৫০ | (আংশিক) লালাসরাই | |

গৃহীত সিদ্ধান্তঃ অবহিত হওয়াসহ ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-২১ ঃ গত ২২ জানুয়ারি, ২০০৩ তারিখের বোর্ডসভায় ২৭ বিবিধ-১(৩)(খ) নং সিদ্ধান্তে ঢাকা সেনানিবাসস্থ আজিজ পল্লীর পার্কটি গ্রীল দ্বারা ঘেরাওকরণের জন্য ৬০,২৫৬/-(ষাট হাজার দুইশত ছাপ্পান্ন ) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নকশা সংশোধন করে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২২ ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের কেবিন সংস্কার, মেরামত ও রং চুনার কাজের ব্যাপারে ২২ জানুয়ারি, ২০০৩ তারিখের বোর্ডসভার ২৩(১) নং সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ৭,৮৭,৯২৫/- (সাত লক্ষ সাতাশি হাজার নয়শত পচিশ) টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-২৩ ঃ মিরপুর ডিওএইচএস এর দ্বিতীয় ধাপের লেকের অবস্থান পূণর্বিন্যাস করে প্রয়োজনীয় সংশোধনী ও সার্ভেওয়ার্কসহ সংশোধিত নকশা প্রস্তুতের জন্য টেকনো বিল্ডার্সের ৪০,৫০০/- (চল্লিশ হাজার পাঁচশত) টাকার বিল প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-২৪ ঃ পার্শ্ববর্তী আব্বাস গার্ডেন এলাকার বেসামরিক মালিক কর্তৃক দেয়াল মেরামত ও সংস্কার করায় মহাখালী ডিওএইচএস এলাকার ৩৫ নং রোডের পার্শ্বের সীমানা দেয়াল মেরামত ও কাঁটাতার লাগানোর জন্য ১,৬৬,৩৫৩/- (একলক্ষ ছেষট্টি হাজার তিনশত তেপ্পান্ন) টাকার কার্যাদেশ বাতিলকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে আব্বাস গার্ডেন এলাকার বেসামরিক মালিক কর্তৃক দেয়াল মেরামত ও সংস্কার করায় মহাখালী ডিওএইচএস এলাকার ৩৫ নং রোডের পার্শ্বের সীমানা দেয়াল মেরামত ও কাঁটাতার লাগানোর জন্য ১,৬৬,৩৫৩/- (একলক্ষ ছেষট্টি হাজার তিনশত তেপ্পান্ন) টাকার কার্যাদেশ বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১১

প্রস্তাব নং-২৫ ঃ অত্র দপ্তরের পিক-আপ নং-১১-১০৪ এর ইঞ্জিনটি ওভারহোলিং ও মেরামত না করায় বর্তমানে গাড়ীটি অচল হয়ে পড়েছে। উক্ত গাড়ীর ইঞ্জিনটি ওভারহোলিং ও মেরামত করিতে ৩৮,৫০০/-(আটত্রিশ হাজার পাঁচশত) টাকার প্রয়োজন বলে ম্যাকানিক জনাব হরিলাল তার ১৫-০৩-২০০৩ তারিখের প্রতিবেদনে অবহিত করেছেন। প্রতিবেদনটি সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রতিবেদনটি অবহিত হওয়া গেল এবং সংশ্লিষ্ট কাজের জন্য ৩৮,৫০০/- টাকা মূল্যানুমান অনুমোদন করা হলো। জরুরী ভিত্তিতে পিকআপটি সচল রাখার পদক্ষেপ গ্রহণসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-২৬বিবিধ-(১) ঃ

ডিওএইচএস বারিধারায় রোড নং-১৩ এর সংস্কার ও অনন্যা শপিং কমপ্লেক্সের প্রবেশদ্বার প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাসের ১৬ মার্চ, ২০০৩ তারিখের পিএফ-১৩২/ ২০১৯ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ সভায় বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে অন্যন্যা শপিং কমপ্লেক্স কর্তৃপক্ষ কর্তৃক ডিওএইচএস বারিধারার রোড নং-১৩ মেরামত/সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২৬ বিবিধ-(২) ঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে নতুন প্রথম শ্রেণীর ঠিকাদার তালিকাভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে প্রাপ্ত আবেদনসমূহের তালিকা ও আবেদনপত্রের সাথে সংযুক্ত আনুষঙ্গিক কাগজপত্রসহ কমিটির প্রতিবেদন সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর পর্যালোচনায় জানা যায় যে, দীর্ঘদিন যাবৎ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে নতুন ঠিকাদার তালিকাভুক্তি করা হচ্ছে না। ইতোমধ্যে তালিকাভুক্তির জন্য প্রচুর আবেদন জমা পড়েছে। প্রাপ্ত আবেদনপত্র/ফার্মসমূহকে ক্যান্টনমেন্ট বোর্ডের ১ম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্ত করার জন্য তাদের দাখিলকৃত কাজগপত্র প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র প্রদানের নিমিত্তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর হতে এ ব্যাপারে ছাড়পত্র পাওয়ার পর পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২৬ বিবিধ-(৩) ঃ

রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল, পোস্তগোলা এর ছাত্র-ছাত্রীদের বিশুদ্ধ পানি পানের জন্য একটি ফিল্টার ক্রয়ের আনুমানিক ১৭,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদন এর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল, পোস্তগোলা এর ছাত্র-ছাত্রীদের বিশুদ্ধ পানি পানের জন্য একটি ফিল্টার ক্রয়ের আনুমানিক ১৭,০০০/- (সতের হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২৬ বিবিধ-(৪) ঃ

অননুমোদিত নির্মাণ ভাঙ্গা/কাটার জন্য একটি ইলেক্ট্রিক কাটার মেশিন ক্রয়ের আনুমানিক ১৫,০০০/- টাকা, গাছের ডালা কাটার জন্য একটি ইলেক্ট্রিক করাত ক্রয়ের ১২,০০০/- টাকা ও ফুলের বেডে পানি দেয়ার জন্য একটি বাউজার ক্রয়ের ১৫,০০,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। তবে জরুরী ভিত্তিতে অননুমোদিত নির্মাণ ভাঙ্গা/কাটার জন্য ইলেক্ট্রিক কাটার ইলেক্ট্রিক করাত এবং বাউজার ক্রয়ের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণকরাসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

*চলমান পাতা-১২*

প্রস্তাব নং-২৬বিবিধ-(৫) ঃ

২১ জানুয়ারি, ২০০৩ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ড খোঁয়াড়ে একটি কালো রঙের গাভী আবদ্ধ করা হয়, যার প্রকৃত মালিক কর্তৃক দাবী না করায় গত ০৩ মার্চ, ২০০৩ তারিখে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয়ের নিমিত্তে ১৫ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখে নিলাম বিজ্ঞপ্তি প্রচার করা হয়। এ প্রেক্ষিতে ০৩ মার্চ, ২০০৩ তারিখ অনুষ্ঠিত নিলাম ডাকে ০৭(সাত) জন ডাককারী অংশ গ্রহণ করেন। ডাককারীদের মধ্যে শ্রী দেওকরণ দাস, উত্তরখান, ঢাকা কর্তৃক প্রদত্ত ৫,৫৫০/- টাকার ডাক সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ ডাক অনুমোদনকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হয়। আলোচনান্তে বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-২৬বিবিধ-(৬) ঃ

সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের বাজেট অনুমোদনক্রমে মহাখালী ডিওএইচএস এলাকার বাসাবাড়ী হতে ময়লা-আবর্জনা সংগ্রহের নিমিত্তে ০৪(চার)টি কভার্ড ভ্যান গাড়ী ক্রয়ের জন্য ২৩ মার্চ, ২০০৩ তারিখে দরপত্র আহ্বান করা হয়। উক্ত তারিখে প্রাপ্ত ০৪(চার)টি দরপত্রের মধ্যে মেসার্স আমিন ব্রাদার্স, সিবি-২০৯, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত প্রতিটি ভ্যানগাড়ী ১০,০০০/- টাকা হিসেবে মোট ৪০,০০০/- টাকার দর সর্বনিম্ন হয়। সর্বনিম্ন দর অনুমোদনের জন্য প্রাপ্ত দরপত্রসমূহ বোর্ডসভায় পেশ করা হলো। উল্লেখ্য যে, বোর্ডসভায় অনুমোদনের পর ব্যয় অনুমোদনের জন্য তা সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-২৬ বিবিধ-(৭) ঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি)কর্তৃক ভেটিংকৃত দর |
|---|---|---|---|---|---|
| ১। | কচুক্ষেত পুরান বাজার এলাকায় নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৪৯,২৫১/- টাকা | মেসার্স মান্নান ব্রাদার্স | ২১.৮৫% উর্দ্ধে | ২০.০০% উর্দ্ধে |
| ২। | ঢাকা সেনানিবাসস্থ ডিজিএমএস এর সামনের শহীদ সরণির পূর্ব পার্শ্বে নীচু এলাকার মাটি ভরাটকরণ। | ৩৬,০০০/- ।। | মেসার্স এম আর এন্টারপ্রাইজ | সমদর | - |
| ৩। | ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকায় সিকিউরিটি ব্যারাকের ২য় তলা নির্মাণ। | ৭,৭২,৩৮২/- ।। | মেসার্স এ কে কনস্ট্রাকশন | ১.৫০% নিম্নে | - |

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বর্তমানে চলমান এমইএস এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে সিএমইএস আর্মি কর্তৃক ভেটিংকৃত ক্রমিক নং ১ এ বর্ণিত কাজের নিম্নবর্ণিত দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। উক্ত কাজের ক্ষেত্রে অনুমোদিত দরে সংশ্লিষ্ট

চলমান পাতা-১৩

পাতা-১৩

ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট হতে সম্মতিপত্র গ্রহণপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ দেয়া হোক ঃ-

(১) ২০.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

ক্রমিক নং ২ ও ৩ -এ বর্ণিত ০২(দুই) টি কাজের ব্যাপারে ঠিকাদার কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর বাস্তবসম্মত নয় বিধায় ভেটিং করা হয়নি। কিন্তু উক্ত কাজের দরপত্র সিডিউলে যথাযথ তথ্য অনুর্ভুক্ত ছিল বিধায় বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঠিকাদার কর্তৃক প্রদত্ত নিম্নোক্ত সর্বনিম্ন দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ দেয়া হোক।

(২) সিডিউল সমহার (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) অনুমোদিত।

(৩) ০১.৫০% নিম্ন দর (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) অনুমোদিত।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/৩/০৬

( মোঃ আব্দুল্লাহ আল মামুন)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল সালাহউদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস